

শিক্ষার্থীদের আন্দোলন থামাতে রাজধানীর একটি বেসরকারি মেডিকেল কলেজের চেয়ারম্যান ও সাবেক সাংসদের হুমকি : আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর নিন্দা ও উদ্বেগ প্রকাশ

রাজধানীর এইচএম শমরিতা মেডিকেল কলেজের আন্দোলনরত শিক্ষার্থীদের প্রতি কটুক্তিসহ বিভিন্ন ধরনের হুমকি দেন কলেজটির চেয়ারম্যান ও সাবেক সাংসদ মকবুল হোসেন। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এ ঘটনায় উদ্বেগ ও নিন্দা প্রকাশ করছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, ১৪ জানুয়ারি, ২০১৮ সকাল থেকে রাজধানীর এইচএম শমরিতা মেডিকেল কলেজ হাসপাতালের শিক্ষার্থীরা একজন ইন্টার্ন চিকিৎসকের বিরুদ্ধে বহিষ্কারাদেশ, প্রতিবছর বেতন ও ভর্তি ফি বৃদ্ধি, ক্লাসে অনুপস্থিত থাকলে ও ৫ তারিখের মধ্যে বেতন পরিশোধে ব্যর্থ হলে জরিমানা আদায়সহ বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে অবস্থান কর্মসূচি শুরু করেন। কর্মসূচির একপর্যায়ে সেখানে আসেন কলেজটির চেয়ারম্যান ও সাবেক সাংসদ মকবুল হোসেন। তিনি শিক্ষার্থীদের আন্দোলন বন্ধ করতে তাদের বহিষ্কারের হুমকি দেন। এসময় তিনি কলেজ বন্ধ করে দিলেও তার কিছু হবে না এবং আইনশৃঙ্খলা বাহিনী আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর গুলি চালাবে এমন মন্তব্যও করেন। এছাড়া, নারী ও বিদেশী শিক্ষার্থীদের প্রতি বিভিন্ন ধরনের কটুক্তি করেন এবং শিক্ষার্থীদের দাবিনামা ছিঁড়ে ফেলেন। পরবর্তীতে, শিক্ষার্থীদের অনড় অবস্থানের প্রেক্ষিতে তিনি তাদের দাবি মেনে নেয়ার প্রতিশ্রুতি দেন।

আইন ও সালিশ কেন্দ্র (আসক) মনে করে, এরকম ঘটনায় শুধুমাত্র দাবি মেনে নেয়ার প্রতিশ্রুতি যথেষ্ট নয়। দায়িত্বশীল পদে আসীন একজন ব্যক্তির কাছ থেকে বাংলাদেশের সংবিধানের ৩৭ ও ৩৯ অনুচ্ছেদে প্রদত্ত অধিকার, সমাবেশের স্বাধীনতা ও চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক-স্বাধীনতার সাথে সাংঘর্ষিক এমন আচরণ কখনোই কাম্য নয়। আইন ও সালিশ কেন্দ্র (আসক) উদ্বেগ জানাচ্ছে যে, এ ধরনের ঘটনা শিক্ষার্থীদের মধ্যে আত্মহীনতা তৈরী করতে পারে যা আরো বিশৃঙ্খল পরিস্থিতির উদ্ভব ঘটাবে। আইন ও সালিশ কেন্দ্র (আসক) একটি প্রতিষ্ঠানের নেতৃত্ব ও শিক্ষার্থীদের অভিভাবক হিসেবে এমন ব্যক্তিত্বের কাছ থেকে আরও সংবেদনশীল আচরণ প্রত্যাশা করে।